কাল ও সমাচার দর্পন

শিমুরালীতে ভারতের স্বাধীনতা আন্দোলন বিষয়ক আলোচনা শ্রোতাদের মুগ্ধ করেছে

গোপীদুলাল দেঃ শিমুরালিতে ডাঃ বিধান চন্দ্র রায় মেমোরিয়াল সোসাইটি ও বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ের যৌথ উদ্যোগে সম্প্রতি শিমুরালি নিম বুনিয়াদী বিদ্যালয় প্রাঙ্গণে জাতীর জনক মহাত্মা গান্ধী ও ভারতের স্বাধীনতা আন্দোলন বিষয়ক এক আলোচনা সভার আয়োজন করা হয়। বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজসেবী নারায়ণ বসু কর্তৃক প্রদীপ প্রজ্জুলয়ের মধ্যে দিয়ে অনুষ্ঠানের শুভ সচনার পর অশোক ভাদুড়ী ও তাঁর সম্প্রদায়ের ব্যক্তিবর্গের যৌথকণ্ঠে দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশিত হয়। ঐদিনের আলোচনা সভাতে বক্তব্য রাখেন প্রাক্তণ সাংসদ সৌমেন মিত্র, বিশিষ্ট আইনজীবী নির্মলেন্দু ভট্টাচার্য, বারাকপুর গান্ধী স্মারক সংগ্রহালয়ের চেয়া<u>র্ম্যান না</u>রায়ণ বসু ও সম্পাদক প্রতীক যোষ, সদস্যা ডাঃ মায়া ঘোষ, বিশিষ্ট সমাজসেবী সৌরভ ঘোষ প্রমুখ। প্রত্যেক বক্তাই তাদের ভাষণে ভারতের স্বাধীনতা আন্দোলনে গান্ধীজীর ভূমিকা বিশদ ভাবে ব্যাখ্যা করেন। বহু অজানা তথ্য সম্বলিত হৃদয়গ্রাহী ভাষণ শুনে উপস্থিত শ্রোতৃবর্গ অতিশয় মুগ্ধ হন। দেবশ্রী মুখার্জী ও বুলবুলি সেনগুপ্তের কঠে সুন্দর আবৃত্তি পরিবেশিত হয়। এছাড়া তপন দাস, সমীর ব্যেস, অরূপ ঘোষ, শোভন দাস, দীপক দত্ত, নুপুর ওহরায়, তাপস সিনহা, কল্যাণ কর, বাচ্চ মিত্র, নিতাই চক্রবর্তী, অরূপে দে তপাদার, স্বপন বিশ্বাস, মিন্টে পাল, সমরেশ ঘোষ, রূপা চক্রবর্তী, অমর প্রধান, অরুন মল্লিক, সুকুমার দান, শংকর তরা প্রমুখ উপস্থিত ছিলেন।

সোসাইটির সকল সদস্য ও স্থানীয় মানুষদের উপস্থিতি ও আন্তরিক সহযোগিতায় উক্ত আলোচনা সভাটি সুন্দর ও সার্থক হয়েছে বলে দাবী করেন বিকাশ ঘোষ। সভাটিকে সুন্দর ভাবে সঞ্চালনা করেন সোসাইটির স্থায়ী সভাপতি ও সমাজসেবী পশুপতি অধিকারী।

The Newspaper *Nirbhik Kantha* reported the success of the Symposium on The Freedom Struggle of India and Gandhiji organized by Dr. Bidhan Chandra Roy Memorial Society, Shimurali, in collaboration with Gandhi Smarak Sangrahalaya at the premises of the Shimurali Nimna Buniyadi Vidyalaya, on December 19, 2015.